উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ।

# উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ও সময় ঃ ২১.০৩.২০২২, সকাল ঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা হাজিরার ক্রমানুসারে পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উপজেলা পরিষদের মাসিক সভায় স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর. মানিকগঞ্জকে অনুরোধ করেন। সভায় বিগত ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, মার্চ /২২ চিকিৎসা সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ক. তরল সিমেন দ্বারা ২২৮ খ. হিমায়িত সিমেন দ্বারা ৮১০, গবাদি পশুর চিকিৎসমা প্রদানের সংখ্যা: ১৮২০ টি, হাস মুরগীর চিকিৎসা প্রদান:২৭৫০০, পোষা প্রাণির চিকিৎসা প্রদান=৯, গবাদি পশু পাখি রোগ অনুসন্ধানে নমুন সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা: ৩৬, গবাদি পশু পাখি ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা: ২, ফ্রি ভেটিরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপনের সংখ্যা: ১, খামারির প্রশিক্ষণ প্রদানের সংখ্যা:৩৬, কসাইদের দক্ষতা বৃদ্ধিকরণ সংখ্যা: ৩, উঠান বৈঠকের আয়োজন সংখ্যা: ৫, বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০২ | **কৃষি বিভাগ ঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে মরিচ ১৬০ হেক্টর চলমান আবাদ হয়েছে। মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি ভাল। বোরো ধানের আবাদ চলছে। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্টুভাবে চলমান রয়েছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ |
| ০৩ | উপজেলা প্রকৌশলীর দপ্তর: (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন ঝুঁকিপূর্ণ ষ্টিলের বিদ্যুতের খুঁটি অপসারণ পূর্বক আরসিসি খুঁটি দ্বারা বিদ্যুতের লাইন নতুনভাবে স্থাপনের জন্য মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ঘিওর জোনাল অফিস, ঘিওর ৫,৯৪,৯৪৫/= (পাঁচ লক্ষ চুরানব্বই হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকার একটি প্রাক্কলন দাখিল করেছেন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যুতের লাইন আধুনিকায়নের লক্ষ্যে নতুনভাবে বিদ্যুতের লাইন স্থাপন এবং এর ব্যয়ভার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | উক্ত সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ মহোদয়ের অফিস কক্ষের এসি দীর্ঘদিন যাবৎ অকেজো অবস্থায় রয়েছে। তাছাড়া, বাতাস চলাচলের জন্য কোন জানালা নেই। উক্ত কক্ষে এসি স্থাপন ও জানালা নির্মাণের বিষয়ে আলোচনা হয়। সভায় উপজেলা পরিষদের গেইট রংকরণের বিষয়ে আলোচনা হয়। | আলোচনা অনুসরণে কাজগুলো দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | (গ)উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রচুর তাপদহ এর কারণে সরকারি দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদন করতে ব্যাহত হচ্ছে বিধায় তাঁর অফিস কক্ষে একটি এসি স্থাপনের বিষয়ে সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচান্তে উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষে উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের পুরাতন এসি মেরামত করে স্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| | ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ২০/০১/২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-০৭ নং স্মারক মারফত মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহনির্মাণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে নালী ইউনিয়নের গাংডুবী গ্রামের প্রতিবন্ধি সুমিত্রা বালো, পিতা- মৃত গবিন্দ বালো, মাতা- রীতা রাণী বালো এর অনুকূলে ঘর নির্মাণের প্রস্তাবনা পাওয়া গিয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রতিবন্ধি সুমিত্রা বালো এর অনুকূলে ঘিওর উপজেলা পরিষদের অর্থায়নে ঘর নির্মাণের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| | (ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা ইউটিডিসি অফিস ভবন মেরামত (উপজেলা প্রকৌশলীর দপ্তর, যুব উন্নয়ন দপ্তর ও হিসাবরক্ষণ দপ্তর), উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশুদের বিনোদন পার্ক, সৌন্দর্যবর্ধন এবং ব্যাডমিন্টন কোর্ট মেরামত এবং উপজেলা পরিষদের বড়টিয়া রাস্তা ব্যাপারী পাড়া এলাকায় জলাবদ্ধতা নিরসণে ড্রেন মেরামত করা দ্রুত প্রয়োজন। উল্লেখিত বিষয় নিয়ে সভায় বিস্তারতি আলোচনা হয়। | উল্লেখিত বিষয়ে বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| ০৪ | <u>দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরে কাবিটা ১০টি প্রকল্প। নগদ অর্থের প্ররিমান ১৯,৮৫,২৯০.৯৮ টাকা। কাবিখা চাল সাধারণ এর মাধ্যমে কাজ করার জন্য ৮টি প্রকল্প । চালের পরিমান ৪২.০০০৮২ মে: টন। গম এর মাধ্যমে কাজ করার জন্য ৮ টি প্রকল্প। গমের পরিমান ৪২.০০০৮২ মে: টন। টি আর ১ম পর্যায় ১৬ টি প্রকল্প নগদ অর্থের পরিমান ১০,৫১,৫৯২.৯৫ টাকা। সকল প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। এ ছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩২৯০ পিস কম্বল পাওয়া গিয়েছির যার বিতরণ কাজ সমাপ্ত করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা থেকে শীতবস্ত্র (কম্বল) ক্রয় বাবদ ৪,৩২,৩০৯ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত টাকা দিয়ে ১২২০ পিস কম্বল ক্রয় করা হয়েছে। জি.আর(মানবিক সহায়তা), বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ ৩৩৩ বাবদ=৭৩২০৭৫/- ছাড়কৃত অর্থের পরিমাণ:১৬০০/-, কোভিড-১৯ (শুকনা খাবার ক্রয়) বরাদ্দকৃত অর্থের পরিমাণ=বাবদ= ১০০০০০/- ছাড়কৃত অর্থ ৩২০০০/-, কোভিড-১৯ ও প্রাকৃতিক দুর্যোগ বরাদ্দকৃত অর্থের পরিমাণ=৪০০০০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=৫০০০/-, গো-খাদ্য বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ=৩৭৮০০০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=৩৭৭৬১০/-, গো-খাদ্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ=৩০৬৯২/-, শিশু খাদ্য বরাদ্দকৃত অর্থের পরিমান=১২৬০০০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=১২৫৭৬০/- প্রাকৃতিক দুর্যোগ বন্যা বরাদ্দকৃত অর্থের পরিমান=৫০০০০/-, কম্বল বাবদ বরাদ্দ =৩২৩১০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=৩২২৩৮/-, কম্বল বাবদ=৪৩২৩০৯.৫৪০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=৪৩২১৩৫/-, শিশু খাবার বাবদ বরাদ্দ=১০০০০০/- ছাড়কৃত অর্থের পরিমাণ=১০০০০০ | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৫ | <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, ঘিওর, মানিকগঞ্জ |
| ০৬ | <u>সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, আরএসএস ক্ষুদ্র ঋণ পুনঃ বিনিয়োগ ১১,৩৫০০ টাকা। আদায় ৮,৩৩,৫৭৫/-। এ ছাড়া ০৯ জন ক্যানসার রোগীকে ৫০,০০/- টাকা করে অনুদান প্রদান করা হয়েছে । প্রতিবন্ধী জরিপের কাজ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **মৎস্য বিভাগ ঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, মৎস্য চাষীদের স্বাস্থ্য বিধি মেনে নার্সারী প্রস্তুতকরণ ও পোনা মজুদ সংক্রান্ত জরুরি পরামর্শ প্রদান করা হচ্ছে, যাতে মাছের উৎপাদন ব্যহত না হয়। এছাড়া ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প এবং ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি পোগ্রাম ফেজ-২ চলমান আছে। বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৮ | **স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে দেশে কোভিড-১৯ ওমিক্রন ভাইরাসের প্রাদুরভাব দেখা দিয়েছে। ঘিওর উপজেলা ওমিক্রনে আক্রান্ত কোন রোগী নেই। বর্তমানে কোভিড-১৯ বুস্টার ডোজ প্রদান করা হচ্ছে । কোভিড -১৯ আক্রান্ত রোগীদের জন্য ২০ টি বেড প্রস্তুতসহ পর্যাপ্ত অক্সিজেন মজুদ রাখা হয়েছে। তিনি আরও জানান যে,রোগীদের সেবা প্রদানের জন্য সার্বক্ষণিক এ্যাম্বুলেন্স সার্ভিস চালু আছে। মেডিকেল রিপ্রেজেন্টিভদের অফিস চলাকালীন সময়ে হাসপাতালে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। দালালমুক্ত পরিবেশে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে এবং হাসপাতালে দালালমুক্ত পরিবেশ নিশ্চিতকরণের অনুরোধ জানানো হয়।<br>২। পরিবর্তিত করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে পর্যাপ্ত অক্সিজেন মজুদ রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৯ | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, চলতি অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ৩৬০ জন, বিশেষ প্রশিক্ষণ ৬০ জন মোট ৪২০ জন। ২০২০-২২ অর্থ বছরে অর্জন = ৪২০ জন। ২০২১-২২২২ অর্থ বছরে অর্জন ( পুরুষ ৪৮, মহিলা ৩৭২) জন ক্রমপুঞ্জিত অর্জন ৬৬১৫৫ জন ( পুরুষ ৩৪৬৩, মহিলা ৩১৫২) জন। আত্মকর্ম ঃ চলতি অর্থ বছরে আত্মকর্মের লক্ষমাত্রা ৮৪ জন। ডিসেম্বর ২০২১ অর্থ অর্জন ৬৬ জন। (পুরুষ ২৭, মহিলা ৩৯) জন। আত্ম কর্মসংস্থান ঋণ কর্মসূচির লক্ষমাত্রা ৩৬,০০০০০ টাকা। ১ম দফায় বিতরণ ১৯,৬০০০০/- টাকা। উপকারভোগীর সংখ্যা ৭১৩ জন। | ১। বিতরণকৃত ঋণ ১০০%আদায় নিশ্চিত করতে হবে এবং বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঘিওর,মানিকগঞ্জ। |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী ,জঃস্বাঃপ্রঃঅঃ ঘিওর ও সাটুরিয়া,মানিকগঞ্জ |
| ১১ | **পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ৩৫,৫৮৭ জন। সর্বমোট পদ্ধতি গ্রহীতা ২৯,২০৬ জন। গ্রহণকারীর হার ৮২.০৭%। সর্বমোট গর্ভবতী ৭৭৮ জন। এছাড়া ৩২১৯ টি খাবার বড়ি চক্র, ৮৩২৪ টি কনডম ,৪৪৬ ডোজ ইনজেকশন, আইইডি ১৯, ইমপ্ল্যান্ট ৭০ এবং মহিলা স্থায়ী পদ্ধতি ২৭ পুরুষ স্থায়ী পদ্ধতি ২৩ জন। অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১২ | **সমবায় বিভাগ ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, মাইলাগী ও নিন্দাপাড়া ০২টি আশ্রয়ণ প্রকল্পে ১১,৬৮০০০/- টাকা ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে ৭,১৮,১১৬/- ঋণ আদায় করা হয়েছে। সার্ভিস চার্জের হিস্যানুযায়ী ৩০০৩৮/- টাকা প্রকল্প দপ্তরে সার্ভিস চার্জ হিসাবে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১।উপজেলা সমবায় কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ।<br>২। আশ্রায়ন প্রকল্পে ঋণ বিতরণ কাজ অব্যাহত রাখতে হবে। |
| ১৩ | **পল্লী উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবির ০৬টি প্রকল্পের মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম চলছে। বিগত মাসে আদায়ের হার ৯৮%। | মাসিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আদায়ের হার ১০০% করতে হবে। | উপজেলা পল্লী - উন্নয়ন কর্মকর্তা,ঘিওর, মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্যের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘিওর, মানিকগঞ্জ |
| ১৫ | শিক্ষা বিভাগ ঃ উপজেলায় ৮৫ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১০০% শিক্ষক করোনার টিকা গ্রহণ করেছেন। শিক্ষার্থী ও অভিভাবকের সাথে টেলিফোনিক যোগাযোগ আছে। প্রতিটি বিদ্যালয় Re- Opening এর জন্য প্রস্তুত আছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৬ | আনসার ও ভিডিপি দপ্তর ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৭ | পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br>শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসে সঞ্চয় ও ঋণ আদায় হয়েছে ৮৩.৪০ লক্ষ টাকাসহ ২০২১-২২ অর্থ বছরে মোট আদায় ৫৬৫.০০লক্ষ টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ হয়েছে ৯২.৬০ লক্ষ টাকাসহ মোট ৬২৭.১৫ লক্ষ টাকা । বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ১৮ | নির্বাচন বিভাগ ঃ<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ ঃ<br>বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভারে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২০ | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার :<br>ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার , ঘিওর, মানিকগঞ্জ। |
| ২১ | ফায়ার সার্ভিসঃ<br>স্টেশন অফিসার ফায়ার সার্ভিস সভায় জানান যে, বড় ধরনের কোন দুর্ঘটনা বা অগ্নিকান্ডের ঘটনা ঘটেনি। গুরুত্বপূর্ণ পয়েন্টে রাত্রীকালীন মহড়াসহ এ্যাম্বুলেন্স সেবা অব্যাহত আছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, ঘিওর , মানিকগঞ্জ। |
| ২২ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ<br>সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, এডিপির বরাদ্দ থেকে প্রতি ইউনিয়নে সমহারে প্রকল্প গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন। | বধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ<br>২। উপজেলা প্রকৌশলী, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২৩ | উপজেলা তথ্যকেন্দ্র ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন মহিলাদের স্বাস্থ্য সেবাসহ বিভিন্ন তথ্যসেবা প্রদান করা হচ্ছে। ০৪টি উঠান বৈঠক করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২৪ | বিএডিসি (সেচ)<br>উপসহকারী প্রকৌশলী বিএডিসি সভায় জানান যে, বর্তমানে অগভীর নলকূপ স্থাপন কাজের ছাড়পত্র প্রদান করা হচ্ছে। কৃষি কাজের সুবিধার্থে পানি নিষ্কাশনের জন্য খাল খনন ও কালভার্ট নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপসহকারী প্রকৌশলী বিএডিসি, ঘিওর, মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২৬ | চেয়ারম্যান ঘিওর ইউনিয়ন পরিষদ জানান যে, ঘিওর ইউনিয়নের কবরস্থান সহ বিভিন্ন জায়গায় টিআর কাবিখার মাধ্যমে যে সকল সোলার স্ট্রীট লাইট স্থাপন করাা হয়েছিল সেগুলো অকেজো হয়ে আছে। তা সংস্কার করা প্রয়োজন এবং যে সকল এনজিও আছে তাদের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন রাস্তায় সৌন্দর্য বর্ধননের জন্য ফলজ ,ঔষধী গাছ রোপন করার জন্য জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাচনা করা হয় । | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

বিবিধ আলোচনাঃ

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (ক) প্রতি ইউনিয়নে মশা নিধন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি ইউনিয়নে আর্থিক বরাদ্দ দেওয়ার বিষয়ে আলোচনা হয়।<br>(খ) আলোচ্য মাসের আপ্যায়ন খরচ বাবদ =৩০০০০/-(ত্রিশ হাজার ) টাকা<br>(গ) উপজেলা চেয়ারম্যান পরিষদের দপ্তরের আনুষাঙ্গীক খরচ বাবদ ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ।<br>(ঘ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ঘিওর উপজেলা পরিষদের ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ১০,৫৬০/-(দশ হাজার পাঁচ শত ষাট) টাকার দাবী দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ঙ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পয়লা, উপজেলা পরিষদের চরবাইলজুরী ও পশ্চিম পয়লা মৌজার জমির বাংলা ১৪২৯ সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বাবদ ১,৩৭,০৬২/-এক লক্ষ সাইত্রিশ হাজার বাষট্টি) টাকার দাবী দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(চ) ১৭ মার্চ ২০২২, শেখ মুজিবুর রহমাঁন এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন এবং পুরষ্কার বিতরণ বাবদ ২০,০০০/- টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মশা নিধন উপলক্ষে প্রতি ইউনিয়নে ১০,০০০/- টাকা করে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উল্লেখিত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি জনগণের সকল সেবা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

তারিখ ঃ ২১-০৩-২০২২খ্রিঃ।

স্মারক নং ০৫.৩০.৫৬২২.০০০.০২.০০১.২১- ১৪২/১

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
০৫। উপজেলা ---------------------------------------------- কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ।
০৬। চেয়ারম্যান ---------------------------------------------- ঘিওর, মানিকগঞ্জ।

27/03/2022.

(হামিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ঘিওর, মানিকগঞ্জ।